# তথ্য অধিকার কর্মপরিকল্পনা ২০২১-২২ আওতায় প্রশিক্ষণ

প্রশিক্ষণের বিষয়ঃ তথ্য পাওয়ার আবেদন ফরম সম্পর্কিত প্রশিক্ষণ।

সময়ঃ সকাল ৯.৩০ ঘটিকা হতে দুপুর ১.৩০ ঘটিকা পর্যন্ত (০৪ ঘন্টা ব্যাপী)

তারিখঃ ০৬/০৪/২০২২খ্রি:

**প্রশিক্ষণের সারাংশ:**

**(ক) সংশ্লিষ্ট বিষয়ের অন্তর্ভুক্ত অংশঃ** সিনিয়র প্ল্যানার, সিলেট নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ এর আওতাধীন তথ্য অধিকার কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ১.৬.১ তথ্য অধিকার বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের আওতায় অত্র প্রশিক্ষণটি অনুষ্ঠিত হচ্ছে মর্মে প্রশিক্ষণার্থীদের অবহিত করেন। তিনি তথ্য অধিকার আইন ২০০৯ বিষয়ে বাংলাদেশের সংবিধান জনগনকে যে কোন সংস্থার কাছ থেকে তথ্য পাওয়ার ক্ষমতা দিয়েছে বলে জানান। তিনি এ আইনটি জনগনের আইন বলে জানান যা জনগন নিজে প্রয়োগ করতে পারে। তিনি তথ্য অধিকার আইন এর বিশেষত্ব, তথ্য প্রদান কেন দরকার, তথ্য বলতে কি বোঝায়, কোনগুলো তথ্য নয়, কারা তথ্য দিতে বাধ্য ইত্যাদি সম্পর্কে আলোচনা করেন। জনগন কিভাবে তথ্য পাবে সে পদ্ধতি সম্পর্কে তথ্য অধিকার-২০০৯ এর আলোকে ব্যাখ্যা করেন। তিনি তথ্য প্রাপ্তির আবেদন ফর্ম বিষয়ে বিস্তারিত বর্ণনা করেন । তিনি তথ্য পাওয়ার মুল্য সম্পর্কেও ধারনা দেন। তিনি তথ্য প্রাপ্তির ফরম একজন নিরক্ষর লোকের পক্ষেও যে অন্য কেউ পুরণ করতে পারে সে সম্পর্কেও জানান। সিনিয়র প্ল্যানার প্রশিক্ষণার্থীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। তিনি অত্র প্রশিক্ষণের কন্টেন্ট তৈরীর জন্য ইনফরমেশন অফিসার, পিআইডি, খুলনা এবং পরিচালক, জেলা তথ্য অফিস, রাজশাহীর নিকট কৃতজ্ঞতা প্রকাশ করেন। অত্র প্রশিক্ষনের পিপিটি টি সিলেট আঞ্চলিক অফিসের তথ্য বাতায়নের তথ্য অধিকার আইন সেবাবক্সের বিবিধ/ প্রশিক্ষণ লিংকে আপলোড করা আছে বলেও প্রশিক্ষণার্থীদের অবহিত করেন।

**(খ) প্রশিক্ষণার্থীদের মতামত/প্রতিক্রিয়াঃ** প্রশিক্ষণটি দপ্তরে কোন তথ্যের জন্য আসা জনগনকে তথ্য পাওয়ার ক্ষেত্রে সহযোগীতা করার বিষয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করেন।

**(গ) শাখা প্রধানের বক্তব্যঃ** এ ট্রেনিং এর মাধ্যমে তথ্য প্রদান বিষয়ে সরকারী কর্মচারীদের শিষ্টাচার ও কর্মপদ্ধতি সম্পর্কে ধারণা লাভ করেন।

Shaheen Ahmed 06/04/2022

(শাহীন আহম্মেদ)
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট।
ফোন: ০২৯৯-৬৬৩৬৬৩৩, ০২৪১১-০০২৫১

<u>উপস্থিতি তালিকাঃ</u>

প্রশিক্ষণের বিষয়ঃ তথ্য পাওয়ার আবেদন ফরম সম্পর্কিত প্রশিক্ষণ।

সময়ঃ সকাল ৯:৩০ ঘটিকা হতে দুপুর ১:৩০ ঘটিকা পর্যন্ত (০৪ ঘন্টা ব্যাপী)

তারিখঃ ০৬/০৪/২০২২ খ্রি:

প্রশিক্ষণ প্রদানকারীর নাম ও পদবী: জনাব শাহীন আহম্মেদ, সিনিয়র প্ল্যানার

| ক্র. নং | নাম | পদবী | প্রশিক্ষণার্থীর স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১। | জনাব বাদশা মিয়া | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | বাদশা মিয়া 06/04/2022 |
| ২। | জনাব মোঃ নূরুজ্জামান ভূইয়া | রেখাকার | [signature] 06/04/2022 |
| ৩। | জনাব মোঃ রুবেল হোসেন | সার্ভেয়ার | [signature] 06/04/2022 |
| ৪। | জনাব আমির হামজা | খালাসী | [signature] |

Shaheen Ahmed 06/04/2022

(শাহীন আহম্মেদ)
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট